# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ৩২. মাতার সাথে যীশুর অশোভন আচরণ

উপরের বক্তব্যগুলোতে ইঞ্জিল লেখকরা শুধু যীশুর পরিবারকেই ছোট করেননি; উপরন্তু যীশুকেও মায়ের সাথে অশোভন আচরণকারী হিসেবে চিত্রিত করেছেন। কারণ, মা যতই মন্দ হোন না কেন মানবীয় ও ধর্মীয় মূল্যবোধের দাবি যে, তার প্রতি সম্মান প্রদর্শন করতে হবে এবং তার ডাকে সাড়া দিতে হবে। ইঞ্জিলের লেখকরা যীশুকে যেভাবে চিত্রিত করেছেন তা যীশুর জন্য অত্যন্ত অশোভনীয় ও অবিশ্বাস্য।

ইঞ্জিলের মধ্যে অন্যান্য স্থানেও এরূপ অশোভন আচরণের উল্লেখ রয়েছে। একদিন যীশুর মা তাঁকে বলেন যে, তাঁদের দ্রাক্ষারস (মদ) নেই। তখন “যীশু তাহাকে কহিলেন, হে নারি, আমার সঙ্গে তোমার বিষয় কী? (Woman, what have I to do with thee?) (যোহন ২/৪)

বাহ্যত ইঞ্জিলগুলোর এ সকল বর্ণনা ভুল। পরবর্তীতে এ বইয়ের সপ্তম অধ্যায়ে যীশু বিষয়ক অশোভনীয়তা প্রসঙ্গে আমরা এ বিষয়টা বিস্তারিত আলোচনা করব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14194

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন